৫)গ) কলসি গাছ কিভাবে পোকামাকড় ধরে?
উঃ আমেরিকায় একরকম পোকাখেকো গাছ দেখতে পাওয়া যায় ।এরা পাতাগুলিকে কুঁকড়িয়ে ঠোঙার মতো করে তাতে এক রকম রস বোঝাই করে রাখে। এটা গাছের গা থেকে আপনি বের হয়। পোকামাকড়েরা সেই ঠোঙার মধ্যে পড়ে আর রক্ষা পায় না। ঠোঙার ভেতরকার রসে তারা খুব তাড়াতাড়ি হজম হয়ে যায়। এই গাছকে আমেরিকায় কলসি গাছ বলে। ফাঁদ পেতে পোকামাকড় ধরাই এদের কাজ।

চ) লাল ভেরেন্ডা এবং তামাক গাছের পাতায় মরা পিঁপড়ে দেখা যায় কেন?
উঃ লেখক জগদানন্দ রায়ের লেখা "পোকাখেকো গাছ" গল্পে লাল ভেরেন্ডা এবং তামাকের আঠালো পাতায় মরা পিঁপড়ে এবং অন্য কীটদের আটকে থাকতে দেখা যায়। এ দেখে মনে হয় লাল ভেরেন্ডা ও তামাক গাছ পতঙ্গভোজী উদ্ভিদ।